"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নম্বর: ৫৯.১১.০০০০.১৫২.২১.০০১.২২. ২৫২২

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

# পরিপত্র

বিষয়: পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের গোপনীয় অনুবেদন সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত।

'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' ও 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩'-এর অনুশাসন ১.৪.১৫, ১.৪.১৬ ও ৩.৪ মোতাবেক পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা-কর্মচারীদের গোপনীয় অনুবেদনসমূহের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিতপূর্বক যথাযথভাবে সংগ্রহ, সংরক্ষণ, ব্যবস্থাপনা ও অধিদপ্তর হতে যাচিত তথ্যসমূহ প্রেরণ করার উদ্দেশ্যে নিম্নরূপভাবে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ নির্ধারণ করা হলো:

(ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ১০ম গ্রেড ও তদূর্ধ্ব পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের গোপনীয় অনুবেদনসমূহ প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন প্রশাসন ইউনিটের সিআর শাখায় প্রেরণ করবে। সিআর শাখা প্রাপ্ত গোপনীয় অনুবেদনসমূহ যথাযথভাবে সংরক্ষণ করবে অথবা মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী যাচিত তথ্যসমূহ প্রেরণ করবে;

(খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল ইউনিটে কর্মরত ১১-২০ তম গ্রেডের কর্মচারীদের গোপনীয় অনুবেদনসমূহ সংশ্লিষ্ট ইউনিট সংরক্ষণ করবে;

(গ) বিভাগীয় কার্যালয়, বিশেষায়িত হাসপাতাল, কেন্দ্রীয় পণ্যাগার ও পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত ১১-২০ তম গ্রেডের কর্মচারীদের গোপনীয় অনুবেদনসমূহ সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় সংরক্ষণ করবে;

(ঘ) জেলা কার্যালয়, মা ও শিশু কল্যাণ কেন্দ্র, আঞ্চলিক পণ্যাগার (যদি থাকে), উপজেলা কার্যালয় ও তদনিম্ন পর্যায়ে কর্মরত ১১-২০ তম গ্রেডের কর্মচারীদের গোপনীয় অনুবেদনসমূহ সংশ্লিষ্ট জেলা কার্যালয় সংরক্ষণ করবে। সে মোতাবেক জেলার আওতাধীন সকল প্রতিষ্ঠানসমূহ যথাসময়ে যথানিয়মে গোপনীয় অনুবেদনসমূহ সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

২১.০৭.২৬
(মোসাঃ মাহফুজা খানম)
পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮০-৫৫০১২৩৪২
ই-মেইল: diradmin@dgfp.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক (সকল), ........................................ ইউনিট. পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয় ........................................ বিভাগ।
৩. পরিচালক, এমএফটিসি, মোহাম্মদপুর/ এমসিএইচটিআই, আজিমপুর/ এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৫. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ..................... ... ... জেলা।
৬. অধ্যক্ষ, এফডব্লিউটিআই, আজিমপুর, ঢাকা।
৭. থানা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি/ক্লিনিক), .............. ...।
৮. সহকারী প্রোগ্রামার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৩. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা। [পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]
৪. অফিস কপি।

CamScanner